# মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

**পর্যবেক্ষণ পরিষদের প্রতিবেদন**

**আর্থিক বছর ২০১৫-২০১৬ খ্রিস্টাব্দ**

আজকের ৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত প্রধান অতিথি, বিশেষ অতিথি, গুণীজন, সমিতির উপদেষ্টাবৃন্দ, সাবেক বর্তমান কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন উপ-কমিটির সদস্যবৃন্দ অফিস স্টাফ, কালেক্টর এবং উপস্থিত সকল সদস্য/সদস্যাবৃন্দ সবাইকে মঠবাড়ী খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর পক্ষ থেকে আপনাদের জানাই সমবায় প্রীতি ও শুভেচ্ছা। ২০১৫-২০১৬ অর্থ বছরে ভাউচার, চেক বই, হিসাব নিকাশ, লোণ ফরম, অফিস ব্যবস্থাপনা এবং বিভিন্ন ধরনের রক্ষনাবেক্ষণ বিষয়ে নির্ভূল ভাবে পর্যবেক্ষণ করেছি। পর্যবেক্ষণ কালে আমরা যে সমস্ত ছোট-খাটো ভুল-ক্রটি পেয়েছি তা পরবর্তী যৌথ এবং বিশেষ সভার মাধ্যমে বোর্ডকে অবগত করি এবং বোর্ড তাৎক্ষনিকভাবে তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করে।

সদস্যদের সহজ শর্তে ঋণ দেয়ার লক্ষে যে সকল যুগান্তকারী ঋণ পলিসি চালু করেছে সেই ঋণ সহ সকল ঋণকার্যক্রম পর্যকেক্ষণ কমিটি নিয়মিত পর্যবেক্ষণ করছে। নিম্নে ঋণ গুলো উল্লেখ করা হল:

- সাধারণ ঋণ
- উচ্চশিক্ষা ঋণ
- স্থায়ী আমানতের বিপরীতে ঋণ
- কনজ্যুমার (ভোক্তা) ঋণ
- ব্যবসায়ী ঋণ
- বেতনের বিপরীতে ঋণ
- মর্টগেজ ঋণ
- ক্যাপাসিটি বেইজড ঋণ
- সলভেনসি ঋণ
- ৩০% বুক সিকিউরিটি ও ৭০% এমআইসিআর চেক এর বিপরীতে ঋণ

বর্তমান বোর্ড সদস্যদের লেনদেন সুবিধার্থে দুটি সেবা বুথ চালু করেছে যার কার্যক্রম পর্যবেক্ষণ কমিটি নিয়মিত পর্যবেক্ষণ করছে ।

- ঢাকা সেবা বুথ, ৯ তেজকুনীপাড়া, তেঁজগাও, ঢাকা
- ভাসানিয়া সেবা বুথ, ভাসানিয়া খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয় লি:

সমিতির অন্যান্য কর্যক্রম যা সমিতির কার্যক্রমকে আরও গতিশীল করেছে এবং সমাজের উপকার বয়ে নিয়ে আসছে। আমার পর্যবেক্ষণ পরিষদ নিয়মিত এই সকল কার্যক্রমের বিল, ভাউচার, কার্যপ্রনালী ও অন্যান্য কাগজ পত্র পর্যবেক্ষণ করে চলেছি যেন সমিতির নিয়মের কোন ব্যাত্যয় না ঘটে। সমিতির বিভিন্ন কার্যক্রম:

১। **১ দিনের ফ্রি মেডিক্যাল ক্যাম্প** - ধর্ম-বর্ণ নিবিশেষে সবাই সেবা গ্রহণ করেছে যেখানে রোগীর সংখ্যা ছিল ১৩৮ জন।

২। **নিজস্ব বিল্ডিং** - ভিত্তি প্রস্থর স্থাপন করা হয় ২৭ শে মে ২০১৬। কাজ চলমান রয়েছে।

৩। **নিয়োগ** - সদস্য সংখ্যা বৃদ্ধি এবং সদস্য/সদস্যাদের সেবার মান বৃদ্ধির লক্ষ্যে (৪) চারজন নিয়মিত স্টাফ (১) একজন ইঞ্জিনিয়ার ,(১) এক জন লিগ্যাল এডভাইজার ও এক জন কালেক্টর নিয়োগ করা হয়েছে।

৪। **ক্রয় ঃ**

- সমিতির লেনদেনের নিরাপত্তার কথা চিন্তা করে গাড়ী ক্রয় করা হয়েছে।
- স্টাফদের কাজের অগ্রগতি ও সদস্যদের যুগোপযোগী সেবা প্রদানের জন্য কম্পিউটার, মাল্টিমিডিয়া ও ক্যামেরা ক্রয় করা হয়েছে।
- সমিতির দৈনন্দিন কালেকশনের টাকার নিরাপত্তার জন্য একটি বোল্ড (সেফ) ক্রয় করা হয়েছে।
- সমিতির উন্নতি এবং ভবিষ্যত পরিকল্পনাকে সাফল্য মন্ডিত করার জন্য মঠবাড়ী ৭০ শতাংশ ও কুচিলাবাড়ীতে ৯২ শতাংশ জমি ক্রয় করা হয়েছে।

**৫। অন্যান্য কার্যক্রম ঃ**

- বড়দিনের শুভেচ্ছা কার্ড এবং ক্যালেন্ডার সদস্যদের বাড়ীতে পৌছে দেওয়া হয়েছে।
- বোর্ড কর্মকর্তা, উপদেষ্টা এবং স্ট্যাফদের নিয়ে বার্ষিক বনভোজন/শিক্ষা সফর, প্রাক-বড়দিন,বর্ষপূতি প্রভৃতি উৎসব অনুষ্ঠিত হয়েছে।
- নারীদের মর্যাদা স্বরূপ নারী দিবস উৎযাপন করা হয়েছে।
- সদস্যদের সার্বিক সেবা নিশ্চিত করণ এবং সঠিক তথ্য প্রদানের ক্ষেত্রে মত বিনিময় এবং শিক্ষা সেমিনার করা হয়েছে।
- শিক্ষা বৃত্তি প্রদান অব্যাহতভাবে চালিয়ে যাচ্ছে বর্তমান বোর্ড।
- পর্যবেক্ষণ কমিটিতে ২ জন এবং ঋণদান কমিটিতে ২ জন সদস্যকে অর্ন্তভুক্তি হয়েছে।
- যুব সমাজের উন্নয়নের জন্য মঠবাড়ী ক্রেডিট সব সময় যুবকার্যক্রমে সহায়তা করে যাচ্ছে ।

<u>সম্মানিত সদস্যদের প্রতি পর্যবেক্ষণ কমিটির অনুরোধ</u>

- ➢ নিজের বই নিজে জমা দিবেন এবং জমা দেওয়ার পর রশিদের সাথে বইয়ের জমা মিলিয়ে নিন।
- ➢ ঋণ গ্রহণ করার পূর্বে নিজের আর্থিক অবস্থার করা বিবেচনা করে গ্রহণ করুন যেন নিজে কোন ভাবে ক্ষতিগ্রস্থ না হন।
- ➢ জামিন দেওয়ার ক্ষেত্রে সচেতন হন, যেন কোন প্রকার ভোগান্তিতে না পড়তে না হয়।
- ➢ মিথ্যা তথ্য দিয়ে ঋণ নেওয়া থেকে বিরত থাকুন।

সকলের মঙ্গল কামনায় করে পর্যবেক্ষণ পরিষদের পক্ষ থেকে সকলকে ধন্যবাদ জানাই।

| | | | | |
|---|---|---|---|---|
| **প্লাসিড পেরেরা**<br>চেয়ারম্যান<br>পর্যবেক্ষণ পরিষদ | **প্রবীণ টি. গমেজ**<br>সেক্রেটারী<br>পর্যবেক্ষণ পরিষদ | **রীনা খ্রীষ্টিনা রোজারিও**<br>সদস্য<br>পর্যবেক্ষণ পরিষদ | **সুমন গ্রেগরী**<br>সদস্য<br>পর্যবেক্ষণ পরিষদ | **স্ট্যানলী পেরেরা**<br>সদস্য<br>পর্যবেক্ষণ পরিষদ |

> ক্রেডিট ইউনিয়ন হচ্ছে মূলত সেইসব মানুষের সমবায়ী সংগঠন যারা পরস্পরকে সাহায্য করার ইচ্ছা পোষণ করে।
>
> -ফাদার চার্লস জে. ইয়াং





## মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ
## শিক্ষা উপ-কমিটির প্রতিবেদন

৪২তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্য-সদস্যাদের শিক্ষা উপ-কমিটির পক্ষ থেকে আপনাদের জানাই সমবায়ী শুভেচ্ছা। সুধীজন বর্তমান যুগে অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতির উচ্চ শিখরে এগিয়ে নিতে কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের ভুমিকা অনস্বীকার্য। আপনাদের সহযোগিতায় বিগত একটি আর্থিক বৎসর সফলতার সহিত বর্তমান বোর্ড কাজ করতে পেরেছেন তার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি।

বর্তমানে দেশের আর্থিক অবস্থা অস্থিতিশীল থাকাতে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান গুলি খুবই হুমকির সম্মুখীন হয়ে পরেছে, তাই অত্র সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান হিসেবে সব কিছু স্থিতিশীল রাখার জন্য সমিতির সদস্যদের নিয়ে কাজ করে যাচ্ছি। দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃদ্ধি প্রদান, সমিতির কার্যক্রম প্রচারের জন্য বিজয় মেলায় সক্রিয় অংশগ্রহন, সমিতির সদস্যদের ক্যালেন্ডার ও বড়দিনের শুভেচ্ছা কার্ড প্রদান, স্টাফ ও কর্মকর্তাদের ট্রেনিং এ অংশগ্রহন, মিশন পর্যায়ে সমস্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ সহ সমিতির মুনাফা অর্জন ও সার্বিক উন্নয়ন করার লক্ষ্যে বর্তমান বোর্ড আপনাদের সহযোগিতায় কাজ করার প্রতিশ্রুতিবদ্ধ।

### স্কুলের ছাত্রীদের বৃত্তি প্রদান ঃ

বিগত ৩১ অক্টোবর ২০১৫ তারিখে মঠবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয় এর ৭৪ জন দরিদ্র মেধাবী ছাত্রীদের ৩০,৩০০.০০ টাকা উপবৃত্তি প্রদান করা হয়েছে। মিশনের আওতাভুক্ত জিপিএ-৫ প্রাপ্ত সাত জন ছাত্র-ছাত্রীদের ৭০০০.০০ টাকা ও সার্টিফিকেট প্রদান করা হয়েছে। দরিদ্র মেধাবী ১ জন ছাত্রীকে ৩০০০.০০ টাকা প্রদান করা হয়েছে।

### শিক্ষা সফর ও আনন্দ ভ্রমণে ঃ

বিগত ১৯ ফেব্রয়ারী ২০১৬ তারিখে নরসিংদী ড্রিম হলিডে পার্কে সারাদিন ব্যাপী শিক্ষা সফর ও আনন্দ ভ্রমণ আয়োজন করা হয়েছিল। পরিবার সহ সকল কর্মকর্তাগণ, পরিবার সহ সকল স্টাফ, কালেক্টর, উপদেষ্টাসহ মোট ৭৮ জন এই ভ্রমনে অংশগ্রহণ করেন।

### কুলুন গ্রামে শিক্ষা সেমিনার ঃ

বিগত ১৫/০৭/২০১৬ তারিখে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর উদ্যোগে কুলুন গ্রামে মত বিনিময় ও শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে ১২০ জন সদস্য-সদস্যাবৃন্দ অংশগ্রহণ করেন। সেমিনারে বোর্ড মেম্বার সহ বেশ কিছু সংখ্যক উপদেষ্টার উপস্থিতে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষা সেমিনারটি সুন্দর ভাবে সম্পন্ন হয়। উপস্থিত সদস্যগণ তাদের বিভিন্ন বিষয়ের উপর মুক্ত আলোচনা করেন এবং সমিতি সম্পর্কে অনেক কিছু তারা জানতে পারেন। বর্তমান ডিফল্টাদের বিষয়ে ব্যাপক আলোচনা হয় যেন যত তাড়াতাড়ি সম্ভব তাদের ঋণ চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়। শিক্ষা কমিটির আহবায়ক মিঃ রতন রোনাল্ড রিবেরু এর ধন্যবাদ বক্তৃতার মাধ্যমে আলোচনা সভার সমাপ্তি হয়।

### শিক্ষা সেমিনার বাঁশবাড়ী ঃ

বিগত ১২/০৮/২০১৬ তারিখে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর উদ্যোগে মত বিনিময় ও শিক্ষা সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে ১২৮ জন সদস্য-সদস্যাবৃন্দ উপস্থিত ছিলেন। সমিতির ভাইস্ চেয়ারম্যান মিঃ রতন রোনাল্ড রিবেরু ও সেক্রেটারী মিঃ জেমস্ ডি' রোজারিও মাল্টি-মিডিয়ার মাধ্যমে সমিতির বর্তমান প্রোডাক্ট ও অন্যান্য বিষয় উপস্থাপন করেন। সেমিনারে মুক্ত আলোচনার মাধ্যমে বাশঁবাড়ী গ্রামের অনেক সদস্য-সদস্যা তাদের জানার বিষয়গুলি উপস্থাপনা করেন এবং বোর্ড মেম্বার ও উপদেষ্টাদের উত্তরের মাধ্যমে তাদের সমস্যার সমাধান দেওয়া হয়। সেমিনারে সমিতির ভবিষ্যতের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়, সদস্যদের সহযোগতিা প্রয়োজন রয়েছে এবং সবার অংশগ্রহণের মাধ্যমে সমিতি উন্নয়নমূলক কাজ করতে হবে। সেমিনারে সব সদস্যদের একই কথা ডিফল্টারদের নিয়ে বেশী কাজ করতে হবে। উপদেষ্টাগণ বলেন কাজ করতে গিয়ে অনেক সমস্যা হতে পারে তাই সবার সহযোগিতার মাধ্যমে কাজ করলে কোন সমস্যাই থাকবে না।

### শিক্ষা সেমিনার তেঁতুইবাড়ী, বাগবাড়ী, পোড়াবাড়ী ও বিলখালী ঃ

বিগত ৩০/০৯/২০১৬ তারিখ শুক্রবার বিকাল ৪:০০ ঘটিকায় তেঁতুইবাড়ী, বাগবাড়ী, পোড়াবাড়ী, বিলখালী গ্রামে শিক্ষা সেমিনার ও মত



বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেমিনারে মোট ১২৩ জন সদস্য-সদস্যাবৃন্দ উপস্থিত ছিলেন। বোর্ড সদস্য, উপদেষ্টা, গ্রামের গণ্যমাণ্য ব্যক্তি বর্গ ও সমিতির সদস্য-সদস্যাদের বিভিন্ন প্রশ্ন ও যথাযথ উত্তর এর মাধ্যমে শিক্ষা সেমিনারটি শেষ হয়।

**শিক্ষা সেমিনার উলুখোলা ঃ**

বিগত ২১/১০/২০১৬ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় মর্নিংসান একাডেমী প্রাঙ্গণে উলুখোলা গ্রামের শিক্ষা সেমিনার ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সেমিনারে মোট ৯০ জন সদস্য-সদস্যাবৃন্দ উপস্থিত ছিলেন এবং তারা সমিতি সর্ম্পকে বিভিন্ন বিষয়ে জানতে পেরে খুশি হয়েছেন। সমিতি যেন অতি তাড়া তাড়ি সদস্য স্বাস্থ্য সেবার কার্যক্রম শুরু করে সেই বিষয়ে গুরুত্ব সহকারে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। সমিতির বিভিন্ন নতুন প্রোডাক্ট ঋণ নিয়ে সদস্যরা আলোচনা করেন এবং তারা জামিন ডিফল্ট অবস্থায় যেন ঋণ গ্রহন করতে পারে সেই ব্যবস্থা করার অনুরোধ রাখেন। সেমিনারে বোর্ড কর্মকর্তসহ বেশ কয়েকজন উপদেষ্টা ও সমিতির স্টাফগন উপস্থিত ছিলেন। লটারী ও জলযোগ এর মাধ্যমে শিক্ষা সেমিনার সুন্দর ভাবে সমাপ্তি হয়।

**শিক্ষা সেমিনার দক্ষিন ভাসানিয়া ঃ**

বিগত ০৪ অক্টোবর বিকাল ৪:০০ ঘটিকায় দক্ষিণ ভাসানিয়া গ্রামের সেন্ট যোসেফ প্রাইমারী স্কুল ঘরে শিক্ষা সেমিনার ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। এতে সমিতির ভাইস চেয়ারম্যান, ট্রেজারার, ডিরেক্টর ও কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সারাদিন ধরে বৃষ্টি থাকা স্বত্বেও ৯৫ জন সদস্য-সদস্যাবৃন্দ উপস্থিত ছিল। সেমিনারে উক্ত গ্রামের উপদেষ্টা সহ অন্যান্য গ্রামের বেশ কয়েকজন উপদেষ্টা ও গ্রামের অনেক গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। এছাড়াও মঠবাড়ী ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, ট্রেজারার ও কয়েকজন ডিরেক্টরবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনারে সমিতির সেক্রেটারী মি. জেমস ডি' রোজারিও সমিতির বর্তমান বিষয়ে ও নতুন প্রোডাক্ট সর্ম্পকে সদস্যদের মাঝে ব্যাপক ধারনা দেন এবং সদস্যদের মুক্ত অলোচনার মাধ্যমে তাদের চাওয়া-পাওয়া ও সমস্যা সমাধানের বিষয়ে আলোচনা করা হয়। শিক্ষা উপ-কমিটি আহবায়ক মি. রতন রোনাল্ড রিবেরু বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং পরিশেষে সবাইকে ধন্যবাদ দিয়ে সেমিনারের সমাপ্তি হয়।

**আকু এক্সপোজার প্রোগ্রাম ২০১৬ ঃ**

বিগত ৬-১১ নভেম্বর তাইওয়ানে আকুর আয়োজনে ৬ দিন ব্যাপি একটি এক্সপোজার প্রোগ্রাম এর আয়োজন করা হয়েছিল, সেখানে অত্র সমিতির চেয়ারম্যান মি. শ্যামল জেমস্ রোজারিও মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর পক্ষে প্রতিনিধিত্ব করেন। বাংলাদেশ থেকে দুইজন এই প্রোগ্রামে অংশগ্রহন করেন। উক্ত প্রোগ্রমে সমিতির বিভিন্ন বিযয় নিয়ে আলোচনা করা হয় এবং সেখানকার ক্রেডিট ইউনিয়ন গুলি কিভাবে পরিচালিত হচ্ছে এবং ক্রেডিট ইউনিয়ন একটি দেশকে কিভাবে উন্নয়নের উচ্চ শিখরে নিতে সহায়তা করতে পারে তা পর্যবেক্ষন করেন। একমাত্র ক্রেডিট ইউনিয়নের মাধ্যমেই তা বাস্তবায়ন সম্ভব।

পরিশেষে আপনাদের সকল সদস্য-সদস্যাদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। আজকের এই বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থেকে প্রাণবন্ত ও স্বতস্ফুর্ত অংশগ্রহণ করে ৪২তম বার্ষিক সাধারণ সভাকে সাফল্যমন্ডিত করার জন্য। সবাই ভাল থাকবেন আপনাদের প্রত্যেকের সুস্থ্যতা ও মঙ্গল কামনা করে শিক্ষা উপ-কমিটির প্রতিবেদন শেষ করছি। ধন্যবাদ



**রতন রোনাল্ড রিবেরু**
আহবায়ক
শিক্ষা উপ-কমিটি
মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



**জেমস ডি রোজারিও**
সেক্রেটারী
শিক্ষা উপ-কমিটি
মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ